

এক নজরে

কার্যালয়ের নাম : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

বিভাগ পরিচিতি : যুব সমাজ যে কোন দেশের মূল্যবান সম্পদ। জাতীয় উন্নয়ন ও অগ্রগতি যুব সমাজের সক্রিয় অংশ গ্রহণের উপর অনেকাংশেই নির্ভরশীল। কারণ, তাদের মেধা, সৃজনশীলতা, সাহস ও প্রতিভাকে কেন্দ্র করেই গড়ে উঠে একটি জাতির অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক পরিম্বল। জনসংখ্যার সবচেয়ে প্রতিশ্রুতিশীল, উৎপাদনমূল্যী ও সংবেদনশীল অংশ হচ্ছে যুব গোষ্ঠী। দেশের অসংগঠিত ও কর্ম প্রত্যাশী বেকার যুব গোষ্ঠীকে সুসংগঠিত, সুশৃঙ্খল এবং উৎপাদনমূল্যী কর্মকাণ্ডে সম্পৃক্তকরণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭৮ সালে যুব উন্নয়ন মন্ত্রণালয় সৃষ্টি করে যা পরবর্তীতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হিসেবে পুণঃ নামকরণ করা হয়। মাঠ পর্যায়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কার্যক্রম বাস্তবায়নের জন্য ১৯৮১ সালে যুব উন্নয়ন অধিদপ্তর সৃষ্টি করা হয়। প্রাথমিকভাবে ২৮টি জেলা কার্যালয় এবং ৩৪টি উপজেলা কার্যালয়ের মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম শুরু হয়। বর্তমানে সারা দেশে ৬৪ টি জেলা কার্যালয়, ৪৮৮টি উপজেলা কার্যালয়, ১০৩টি মেট্রোপলিটন ইউনিট থানা কার্যালয় ও ১১১টি যুব প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। বর্তমান সরকারের SDG (এসডিজি) বাস্তবায়নে কর্মসংস্থান সৃষ্টি সবচেয়ে বড় চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জ মোকাবেলায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয় তথা যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে বেকার যুব জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। জুলাই ১৯৯৭ হতে নাচোল উপজেলা কার্যালয়ের যুব কার্যক্রম শুরু হয়।

জনবল কাঠামো : নাচোল উপজেলা কার্যালয়ের বর্তমান জনবল কাঠামো নিম্নরূপ :-

ক্রমিক নং	পদবী	সংখ্যা	মন্তব্য
১।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	১ (এক) জন	পদটি শূন্য আছে
২।	সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	৩ (তিনি) জন	২টি পদ শূন্য আছে
৩।	অফিস সহকারী -কাম- কম্পিউটার অপারেটর	১ (এক) জন	---
৪।	ক্যাশিয়ার	১ (এক) জন	---
৫।	অফিস সহায়ক	১ (এক) জন	পদটি শূন্য আছে
	সর্বমোট =	৭ (সাত) জন	০৮ (চার) টি পদ শূন্য আছে।

কর্মরত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ :

ক্রমিক নং	নাম	পদবী	মন্তব্য
০১	০২	০৩	০৪
০১.	মুঃ নূরুল ইসলাম	সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	
০২.	মোঃ দুরুল হোস্তা	অফিস সহকারী -কাম- কম্পিউটার অপারেটর	
০৩.	মোঃ মামুনুর রশিদ	ক্যাশিয়ার	